



# ড্যাফোডিল ইউনিভার্সিটিতে সভা অনুষ্ঠিত

প্রকাশ | ২৮ জুন ২০১৮, ০০:০০



শিক্ষা জগৎ ডেস্ক য়



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে কোয়ালিটি অ্যাসুরেন্স কমিটির দ্বিতীয় সভা বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে ২৫ জুন অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম। সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাহবুব-উল-হক মজুমদার, অ্যালায়েড হেলথ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. আহমেদ ইসমাইল মোস্তফা, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এএমএম হামিদুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ড. প্রকৌশলী একেএম ফজলুল হক, পরিচালক (অর্থ ও হিসাব) মমিনুল হক মজুমদার, পরিচালক (প্রশাসন) মোহাম্মদ ইমরান হোসেন, আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. একেএম ফজলুল হক, ড্যাফোডিল ইনস্টিটিউট অব ল্যাঙ্গুয়েজের পরিচালক এ এস এম হুমায়ন মোশেদ, আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. এসকে আব্দুল কাদের আরেফিন উপস্থিত ছিলেন। সভায় আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. একেএম ফজলুল হক 'ড্যাফোডিল ইউনিভার্সিটির আইকিউএসি : বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। এ সময় তিনি বিভিন্ন বিভাগের পাঠ্যক্রম উন্নয়নবিষয়ক পরিকল্পনা, বহিঃপরিদর্শক দলের সারসংক্ষেপ ইত্যাদি তুলে ধরেন। প্রবন্ধ উপস্থাপন শেষে কমিটির সদস্যরা আলোচনায় অংশ নেন এবং নিজ নিজ মতামত ব্যক্ত করেন। আলোচনার মাধ্যমে আইকিউএসির আগামী এক বছরের পরিকল্পনা, ১২টি বিভাগের উন্নয়ন পথেরক্ষণ, অন্য ১০টি বিভাগে আইকিউএসির পরিকল্পনা প্রয়োগ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সম্পাদকমন্ডলী সভাপতি ও প্রকাশক :** সাঈদ হোসেন চৌধুরী, **ভারপ্রাপ্ত সম্পাদক :** কাজী রুকুনউদ্দীন আহমেদ, প্রকাশক কর্তৃক এইচআরসি মিডিয়া ভবন, লাভ রোড, ৪৪৬/ই+এফ+জি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও যায়যায়দিন প্রিন্টার্স লিমিটেড থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৮৭ ০২০৮-১২ ফ্যাক্স : ৮৮৭ ০২০২ রিপোর্টিং : ৮৮৭ ০২১৪ বিজ্ঞাপন : ৮৮৭-০২২৩ ফ্যাক্স : ৮৮৭ ০২০১ সার্কুলেশন : ৮৮৭-০২২৪ E-mail: country\_jjd@jjdbd.com, jajadi@jjdbd.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি